দৈনিক জনকণ্ঠ

তারিখ ... ... AUG 26 1998 ...
পৃষ্ঠা 2 ... কলাম [illegible] ......

49

# চবি বিএসসি অনার্সে ভর্তির সাক্ষাতকার ২৮ আগস্ট

**চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ॥** চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের 'কে' ইউনিটের অন্তর্গত বিজ্ঞান অনুষদের ১৯৯৮-'৯৯ শিক্ষাবর্ষে ১ম বর্ষ বিএসসি অনার্সে বিভিন্ন বিভাগে শূন্য আসনে ভর্তির মনোনয়নের ব্যাপারে সাক্ষাতকার আগামী ২৮ আগস্ট অনুষ্ঠিত হবে। বিশ্ববিদ্যালয় সূত্র জানায়, মাইক্রোবায়োলজিতে ভর্তির জন্য কোন আসন খালি নেই এবং রসায়ন বিভাগে ১টি শূন্য আসনে ভর্তির জন্য ভর্তি পরীক্ষায় ৫৯ পর্যন্ত নম্বর প্রাপ্তদের সাক্ষাতকার গ্রহণ করা হবে। এছাড়া অন্যান্য বিভাগের শূন্য আসনে ভর্তির সাক্ষাতকার যথারীতি অনুষ্ঠিত হবে। অপরদিকে ১৯৯৭-'৯৮ শিক্ষাবর্ষে ১ম বর্ষ বিবিএ অর্থবিজ্ঞান অনার্স কোর্সে পুনর্ভর্তির সময়সীমা বিলম্ব ফীসহ ৩১ আগস্ট পর্যন্ত বর্ধিত করা হয়েছে।